

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯২৬

আগরতলা, ১৯ নভেম্বর, ২০ ১৮

আন্তর্জাতিক পর্যটন মাট : মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতির পর্যালোচনা

রাজ্যে এই প্রথম আয়োজিত হচ্ছে ইন্টারন্যাশনাল টুরিজম মাট। আগামী ২২ থেকে ২৪ নভেম্বর পর্যন্ত তিনদিনের পর্যটন মাট-এর উদ্বোধন হবে আগরতলার প্রজ্ঞাভবনে। ২২ নভেম্বর বিকালে প্রজ্ঞাভবনে টুরিজম মাটের উদ্বোধন হবে। ইন্টারন্যাশনাল টুরিজম মাটের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে এক উচ্চপর্যায়ের পর্যালোচনা সভা সচিবালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় মুখ্যসচিব এল কে গুপ্তা, অতিরিক্ত মুখ্যসচিব জি এস জি আয়েঙ্গার, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক সহ বিভিন্ন দপ্তরের প্রধান সচিব, সচিব, প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিক ও বিভিন্ন দপ্তরের শীর্ষস্থানীয় আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় পর্যটন দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি ইন্টারন্যাশনাল টুরিজম মাটকে সফল করতে গৃহিত ব্যবস্থাাদি সম্পর্কে অবহিত করেন। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ইন্টারন্যাশনাল টুরিজম মাটকে সফল করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। মুখ্যমন্ত্রী শ্রীদেব রাজ্যে তৈরি হস্তকারু পণ্য সামগ্রী দেশ-বিদেশের প্রতিনিধিদের হাতে তুলে দেওয়ার পরামর্শ দেন। অনুষ্ঠান স্থলগুলিতে যে সমস্ত প্রদর্শনী স্টল খোলা হবে সেখানে রাজ্যের হস্তকারু শিল্প সামগ্রীর প্রদর্শনী করতে হবে। তাতে রাজ্যের সম্পদগুলি সম্পর্কে রাজ্যে আসা দেশ-বিদেশের প্রতিনিধিরা জানতে পারবেন। পাশাপাশি স্টলগুলিতে নির্দিষ্ট একজন দক্ষ কর্মী রাখতে হবে যিনি হস্তকারু প্রদর্শিত পণ্যগুলি বিষয়ে বিস্তারিত তথ্য জানাতে পারেন।

সভায় পর্যটন দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি ইন্টারন্যাশনাল টুরিজম মাট আয়োজক দপ্তরের প্রাক্ প্রস্তুতি এবং সার্বিক ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত চিত্র তুলে ধরেন। তিনি জানান, তিনদিনের পর্যটন মাটে অংশ নিতে ২০টি দেশের ৪১ জন প্রতিনিধি রাজ্যে আসবেন। ৩০ জন ডোমেস্টিক টুর অপারেটর আসবেন। ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের ৮০ জন টুর অপারেটর মাটে অংশ নেবেন। টুরিজম মাটে বিদেশ থেকে আসা প্রতিনিধি, কেন্দ্রীয় সরকার, উত্তর-পূর্বাঞ্চল এবং রাজ্যের কর্মকর্তা সহ সব মিলে প্রায় ৩৫০ জন প্রতিনিধি অংশ নেবেন। সভায় ইন্টারন্যাশনাল টুরিজম মাটে আগত দেশ-বিদেশের প্রতিনিধিদের জন্য গাড়ির ব্যবস্থা, অভ্যর্থনা, থাকার ব্যবস্থা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রজ্ঞাভবনে উদ্বোধনী পর্ব শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়া প্রজ্ঞাভবন চত্বরে প্রদর্শনী স্টল খোলা হবে। এতে রাজ্যের হস্তকারু সামগ্রী প্রদর্শিত হবে। এছাড়া ২৩ নভেম্বর দেশীয় খাদ্য প্রদর্শনীর ব্যবস্থাও থাকবে। তিনি বলেন, ২৪ নভেম্বর দেশ-বিদেশের প্রতিনিধিদলগুলিকে নীরমহল পরিদর্শনে নিয়ে যাওয়া হবে। সেখানেও প্রদর্শনী স্টল খোলার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। নীরমহল সহ রাজ্যের পর্যটন স্থানগুলিকে সাজিয়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে। টুরিজম মাট সফল করতে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরকে দায়িত্ব দেওয়া হয়েছে। পর্যটন দপ্তরের অধিকর্তা জানান, ২৪ নভেম্বর পর্যটন মাটের সমাপ্তির পরও যে সকল অতিথিরা রাজ্যে থাকবেন তাদের বিভিন্ন পর্যটন কেন্দ্র ঘুরিয়ে দেখানোর বিষয়েও পরিকল্পনা নেওয়া হয়েছে।
